# উপজেলা পরিষদ

মহেশপুর,ঝিনাইদহ।

## ৫ম উপজেলা পরিষদের ৪১তম মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি ঃ ময়জদ্দীন হামীদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহেশপুর, ঝিনাইদহ।
তারিখ ঃ ১১/০৫/২০২৩খ্রি. সময় ঃ সকাল ১১ ঃ ০০ঘটিকা।
স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, মহেশপুর, ঝিনাইদহ।

০১। সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দ- পরিশিষ্ট-''ক"

সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভাপতি সভা শুরু করেন । বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয়। **উক্ত কার্যবিবরণীর কোন সংশোধনী না থাকায়** সর্বসম্মতিক্রমে উহা অনুমোদিত এবং দৃঢ়ীকরণ করা হয়। এছাড়া নিম্নোক্ত আর্থিক, উন্নয়নমূলক, অপারেশনাল, সমন্বয় ও বিবিধ বিষয়াদি আলোচনান্তে সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| বিষয়বস্তু | | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| আর্থিক | ০১। পরিষদের তহবিল সংক্রান্ত সকল বিষয় । | উপজেলা পরিষদের নিম্নোক্ত বিল পরিশোধ করা হয়েছে। উহা অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br>১। উপজেলা চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদের এপ্রিল/২৩ মাসের সম্মানি ভাতা পরিশোধ- ৯৪০০০/-<br>২। এপ্রিল/২৩ মাসের আপ্যায়ন বিল পরিশোধ- ৩০,০০০/-<br>৩। এপ্রিল/২৩ মাসের আনুষঙ্গিক বিল পরিশোধ- ৫,০০০/-<br>৪। এপ্রিল/২৩ মাসের ইন্টারনেট বিল পরিশোধ- ১,০০০/-<br>এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনা শেষে বর্ণিত খরচসমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহেশপুর।<br>২। উপজেলা মুখ্য নির্বাহী কর্মকর্তা, মহেশপুর। |
| | ০২। পরিষদের বার্ষিক বাজেট বিবরণী, সংশোধিত বাজেট ও বাজেটে অন্তর্ভুক্ত হয়নি এরুপ ব্যয়ের প্রস্তাব | উপজেলা পরিষদ আইন ১৯৯৮ সনের ২৪ নং আইন এর ধারা ৬৩ এর প্রদত্ত ক্ষমতাবলে (১) আইনের ধারা ৩৮ এর বিধান সাপেক্ষে পরিষদ প্রতি অর্থ বছর শুরু হইবার অন্ততঃ ৬০(ষাট) দিন পূর্বে উক্ত বৎসরের আয় ও ব্যয় সম্বলিত বিবরণী, অতপর বাজেট বলিয়া উল্লিখিত, ফরম 'খ" অনুযায়ি প্রস্তুতকরতঃ ফরম 'ক" অনুযায়ি বাজেটের সার-সংক্ষেপসহ বিধি-৭ এ উল্লিখিত পরিষদের বিশেষ সভায় অনুমোদনের জন্য দাখিল করার বিধান রয়েছে। সে মোতাবেক পরিষদের বিশেষ সভায় খসড়া বাজেট উপস্থাপন করা হয়।<br>সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা | বিস্তারিত আলোচনান্তে নীতিমালার আলোকে উপস্থাপিত খসড়া বাজেট সর্বসম্মতিক্রমে সভায় অনুমোদিত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহেশপুর।<br>২। উপজেলা মুখ্য নির্বাহী কর্মকর্তা, মহেশপুর। |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | হয়। | | |
| | ০৩। পরিষদের বার্ষিক হিসাব বিবরণী | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, পরিষদের বার্ষিক হিসাব বিবরণী অর্থবছর অন্তে তা প্রস্তুতপূর্বক সভায় উপস্থাপন ও সংরক্ষণ করা যেতে পারে। এ ব্যাপারে পরিষদের সকল সদস্য একমত পোষণ করেন। | পরিষদের বার্ষিক হিসাব বিবরণী অর্থবছর অন্তে প্রস্তুতের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ,<br>২। উপজেলা মুখ্য নির্বাহী কর্মকর্তা, মহেশপুর<br>৩। সংশ্লিষ্ট সকল |
| | ০৪। পরিষদ কতৃর্ক বাস্তবায়নযোগ্য কাজের মান এবং এস্টিমেট অনুমোদন | উপজেলা পরিষদের অর্থায়নে নির্মাণ কাজগুলি জরুরী ভিত্তিতে সম্পন্ন করা প্রয়োজন মর্মে উপজেলা মুখ্য নির্বাহী কর্মকর্তা সভায় জানান। | উপজেলা পরিষদের অর্থায়নে নির্মাণ কাজগুলো যথাযথভাবে হচ্ছে কিনা তা তদারকির জন্য সভার পক্ষ থেকে উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা প্রকৌশলী, মহেশপুর। |
| | ৫। পরিষদের তহবিল বিনিয়োগ সংক্রান্ত প্রস্তাব | পরিষদের তহবিল বিনিয়োগ বিষয়ে বিবেচনাযোগ্য কোন প্রস্তাব এ মুহূর্তে নেই মর্মে সভায় উপজেলা মুখ্য নির্বাহী কর্মকর্তা সভাকে অবহিত করেন। চেয়ারম্যান উপজেলা পরিষদ জানান, এরূপ কোন প্রস্তাব পাওয়া গেলে তা বিবেচনা করা হবে। | পরিষদের তহবিল বিনিয়োগ বিষয়ে প্রস্তাব প্রাপ্তি সাপেক্ষে তা বিবেচনার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ, মহেশপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, মহেশপুর<br>৩। সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ। |
| উন্নয়নমূলক | ০১। হস্তান্তরিত বিষয়ভূক্ত উন্নয়ন প্রস্তাব/ প্রকল্প ও প্রাক্কলন অনুমোদন | উপজেলা মুখ্য নির্বাহী কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, উপজেলা পরিষদের রাজস্ব এবং উন্নয়ন তহবিলসহ সকল কার্যক্রম পিপিআর ২০০৮ এর বিধান যথাযথ প্রতিপালন করতে হবে। উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২২-২৩ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি এডিপি এবং উন্নয়ন তহবিলের আওতায় ১২টি ইউনিয়ন পরিষদ হতে প্রাপ্ত প্রকল্পের অনুকূলে উপজেলা প্রকল্প বাছাই কমিটির সিদ্ধান্ত এবং উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় অনুমোদনের পর টেন্ডার কার্যক্রম শুরু করা হয়েছে।<br>সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | উপজেলা প্রকল্প বাছাই কমিটি কর্তৃক অনুমোদিত ২০২২-২৩ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এবং উন্নয়ন তহবিলের অনুমোদিত প্রকল্প সমূহের কাজ দ্রুত সম্পন্ন করার জন্য উপজেলা প্রকৌশলী এবং প্রকল্প বাস্তবায়ন কমিটিকে সভার পক্ষ থেকে অনুরোধ করা হয়। | ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ, মহেশপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, মহেশপুর<br>১। উপজেলা প্রকৌশলী, মহেশপুর। |
| | ০২। পরিষদের তহবিল দ্বারা বাস্তবায়িত সকল ধরনের উন্নয়ন কাজের মাসিক অগ্রগতি পর্যালোচনা, পরিবীক্ষণ ও মূল্যায়ন | পরিষদের তহবিল দ্বারা চলমান সকল ধরণের উন্নয়ন কাজের তালিকা সরবরাহের জন্য সংশ্লিষ্ট চেয়ারম্যান ও দপ্তর প্রধানগণের প্রতি সভাপতি আহ্বান জানান। | পরিষদের তহবিল দ্বারা চলমান সকল ধরনের উন্নয়ন কাজের তালিকা উপজেলা পরিষদে দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। ইউপি চেয়ারম্যান (সকল)<br>২। সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | ০৩। সরকার কর্তৃক সময়ে সময়ে, পরিষদে ন্যস্ত অন্যান্য সকল উন্নয়ন প্রকল্প। | সরকার কর্তৃক কোন প্রস্তাব এ মুহূর্তে নেই মর্মে উপজেলা মুখ্য নির্বাহী কর্মকর্তা সভাকে অবহিত করেন। | - | - |
| অপারেশনাল | ০১। সরকার কর্তৃক পরিষদে ন্যস্তকৃত/প্রেষণে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারিসহ পরিষদের সকল কর্মকর্তা-কর্মচারি সংক্রান্ত বিষয়াদি ; | দৈনিক ভিত্তিতে নিয়োজিত উপজেলা পরিষদে কর্মরত মালী ও সুইপারের এপ্রিল/২৩ মাসের শ্রমিক মজুরী বাবদ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ১৯৮০০/- টাকা পরিশোধ করা হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | আলোচনা শেষে বর্ণিত ১৯৮০০/- টাকা খরচ সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা মুখ্য নির্বাহী কর্মকর্তা, মহেশপুর |
| | ০২। ধারা ২৯ এ গঠিত স্থায়ী কমিটির সুপারিশ পর্যালোচনা ও অনুমোদন এবং উক্তরুপ সুপারিশের আলোকে বিভিন্ন কমিটি গঠন ও উহার টার্মস অব রেফারেন্স অনুমোদন ; | ধারা ২৯ এ গঠিত স্থায়ী কমিটির সুপারিশ পর্যালোচনা ও অনুমোদন এবং উক্তরুপ সুপারিশ বাস্তবায়নের জন্য **হস্তান্তরিত দপ্তরসমূহের কমিটির নিয়মিত সভা করা** পরিষদের আওতাধীন যে কোন কর্মকান্ড বা অন্যান্য বিষয়ে মন্ত্রনালয় বা অধীদপ্তর কর্তৃক প্রেরিত যে কোন চিঠি বা পরিপত্র দপ্তর প্রধান প্রাপ্তির পর অবশ্যই উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়কে চিঠি বা পরিপত্রের মর্ম অবহিত করার জন্য উপজেলা মূখ্য নির্বাহী কর্মকর্তা আহবান জানান। | বিস্তারিত আলোচনান্তে কমিটি সমূহের নিয়মিত সভা করার জন্য মাসিক সভার পক্ষ থেকে সংশ্লিষ্ট কমিটির সদস্য-সচিবগনকে অনুরোধ করা হয়। | ১। সংশ্লিষ্ট কমিটির সদস্য-সচিবগণ। |
| **সমন্বয়** | ০১। পরিষদে হস্তান্তরিত অফিসসমূহ এবং বিভিন্ন বেসরকারী স্বেচ্ছাসেবী সংস্থার (NGO) উন্নয়ন কার্যক্রম মাসিক পর্যালোচনা | ক) সমন্বয়ের উদ্দেশ্যে পরিষদে হস্তান্তরিত দপ্তরসমূহের মধ্যে যে সকল দপ্তরে উন্নয়ন কার্যক্রম চলমান, তা লিখিতভাবে অবহিতকরণসহ উর্দ্ধতন কার্যালয়ে যে সকল প্রতিবেদন প্রেরণের তাগিদ দেওয়া হয়, সে সকল প্রতিবেদনগুলি যথাসময়ে প্রেরণের জন্য সভাপতি আহবান জানান।<br>খ) উপজেলার ভৌগোলিক অধিক্ষেত্রের মধ্যে কার্যপরিচালনাকারী বিভিন্ন বেসরকারী স্বেচ্ছাসেবী সংস্থার (NGO) উন্নয়ন ও সেবা মূলক কার্যক্রম আইন অনুযায়ী করছে কিনা সে বিষয়ে তদারকি করার জন্য প্রত্যেক ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে এবং সংশ্লিষ্ট দপ্তর প্রধানকে সভার পক্ষ থেকে অনুরোধ করা হয়। | ক) দপ্তরসমূহের মধ্যে যে সকল উন্নয়ন কার্যক্রমে সমন্বয় প্রয়োজন, তা যথাযথভাবে নিশ্চিতকরণের লক্ষ্যে প্রয়োজনীয় তথ্যাদি দপ্তরসমূহ কর্তৃক প্রেরণ করতে হবে।<br>খ) উর্দ্ধতন কার্যালয়ে যথাসময়ে প্রতিবেদনগুলি প্রেরণের জন্য সভার পক্ষ থেকে অনুরোধ করা হয়।<br>গ) ( NGO) উন্নয়ন কার্যক্রম মাসিক পর্যালোচনা করে উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার পূর্বে অত্র কার্যালয়ে প্রতিবেদন দাখিল করার জন্য চেয়ারম্যান (সকল) ও ষান্মাষিক পর্যালোচনা প্রতিবেদন দাখিল করার জন্য সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণকে -কে সভার পক্ষ থেকে অনুরোধ করা হয়। | ক) সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ।<br>খ) ইউপি চেয়ারম্যানগণ। |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | ০২। রিপোর্ট ও বিবরণী সংগ্রহসহ সরকারের রেগুলেটরি ডিপার্টমেন্টের কার্যক্রম ত্রৈমাসিক পর্যালোচনা এবং আইন অনুযায়ী সকল রিপোর্ট সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ | মাসিক সভায় হস্তান্তরিত দপ্তর ব্যতীত অন্যান্য দপ্তর প্রধানগণকে প্রতি ০৩মাস অন্তর সভায় উপস্থিত থাকার জন্য নোটিশ প্রদানের বিষয়ে আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে অন্যান্য দপ্তর প্রধানগণকে নির্ধারিত মাসিক সভার নোটিশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা মুখ্য নির্বাহী কর্মকর্তা, মহেশপুর। |
| | পুড়াপাড়া পশুহাট সংক্রান্ত | চেয়ারম্যান উপজেলা পরিষদ সভায় জানান যে মহামান্য হাইকোর্টের ৩৬৬৭/২০২৩ নং রিট পিটিশনের ৪/৪/২০২৩ তারিখের আদেশের কপি ডাক মারফত প্রাপ্ত হই। মহামান্য আদালতের আদেশের অনূকুলে পরিষদে একটি সিদ্ধান্ত গ্রহন করা প্রয়োজন। তিনি আরও বলেন যে, উক্ত পশু হাটটি বিগত বাংলা ১৪২৮ ও ১৪২৯ সনে জনৈক্য আব্দুল কাদেরের নামে ইজারা প্রদান করা হলেও পাশ্ববর্তী চৌগাছা উপজেলায় বে-আইনি ভাবে আরো একটি পশুহাট পরিচালনার ফলে বর্ণিত পোড়াপাড়া পশুহাটটি সম্পুর্নরুপে বন্ধ হয়ে যায়। ইজারাদার আব্দুল কাদেরের দীর্ঘ আইনি লড়ায়ের পর হাটটি পূনরায় ১৪২৯ সনের (বাংলা) ফাল্গুন মাস হতে চালু করা সম্ভব হয়। আমরা জানি ইজারাদার আব্দুল কাদের বিগত দুই বছরে রাজস্ব ও মকদ্দমা পরিচালনার ব্যয় বাবদ অনেক আর্থিক ক্ষতিগ্রস্ত হয়েছে।<br>এমতাবস্থায় মহামান্য হাইকোর্টে চলমান ৩৬৬৭/২০২৩নং রিট মামলার গত ৪/৪/২০২৩ তারিখের আদেশ ও নির্দেশনার অনূকুলে পরিষদে সিদ্ধান্ত গ্রহন করা জরুরী প্রয়োজন। | বিস্তারিত আলোচনান্তে বিষয়টি সমস্ত সদস্যবৃন্দের সরাসরি পরামর্শ, আলোচনা ও মতামত প্রদানের মাধ্যমে মহামান্য উচ্চ আদালতের আদেশ ও নির্দেশনা পরিপূণরুপে বাস্তবায়নের সিদ্ধান্ত হয়।<br>আদেশের নির্দেশনা মোতাবেক ১৪৩০-১৪৩২ সাল পর্যন্ত জনাব আব্দুল কাদেরের অনূকুলে ইজারা বন্দোবস্ত প্রদানে সর্বসম্মতভাবে একমত পোষণ করে সরকারের হাট বাজার ব্যবস্থাপনা ও রাজস্ব নীতিমালার আলোকে চলতি ১৪৩০ সালের (এক বছর) জন্য ইজারা প্রদান, রাজস্ব আদায় ও চুক্তি সম্পাদনের এবং পরবতীতে ও মহামান্য আদালতের আদেশ ও নির্দেশনা পরিপূর্ণভাবে প্রতিপালন করা হবে মর্মে সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। চলতি ১৪৩০ সালের জন্য মহামান্য উচ্চ আদালতের আদেশের আলোকে রাজস্ব নির্ধারণ পূর্বক ইজারাদার জনাব আব্দুল কাদেরকে পত্র প্রদান পূর্বক রাজস্ব আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের | ১। উপজেলা নির্বাহী অফিসার মহেশপুর<br>২। মোঃ আব্দুল কাদের ইজারাদার পোড়াপাড়া পশহাট |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | | জন্য উপজেলা নির্বাহী অফিসারকে জরুরী ব্যবস্থা গ্রহনের অনুরোধ করা হয়। | |
| | খালিশপুর বাজারে দোকানে আগুন লাগা সংক্রান্ত। | চেয়ারম্যান উপজেলা পরিষদ সভায় জানান যে, বেশকিছু দিন আগে খালিশপুর বাজারে বিদ্যুৎ এর সট-সার্কিট এর আগুন লেগে ১০টি দোকান সম্পূর্নভাবে পুড়ে যায়। তারা বিভিন্নভাবে দোকান ঠিক করে চালানোর চেষ্টা করছে। বিপদের সময় তাদের পাশে থাকা দরকার। এবং জরুরী ভিত্তিতে তাদেরকে নগদ অর্থ প্রদান করা দরকার।<br>সভায় এ বিষয়ে বিস্তারিত অলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে খালিশপুর বাজারে আগুন লেগে পুড়ে যাওয়া প্রত্যেক দোকানদারকে উপজেলা পরিষদের অপ্রত্যাশিত খাত হতে নগদ ৫০০০/-(পাঁচ হাজার) টাকা প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা মুখ্য নির্বাহী কর্মকর্তা, মহেশপুর |
| | উচ্চ শিক্ষা লাভের জন্য আর্থিক সাহায্য সংক্রান্ত | চেয়ারম্যান উপজেলা পরিষদ সভায় জানান যে মোসাঃ শাহানাজ খাতুন, পিং-মোঃ শরিফুল ইসলাম, মাতা-মোছাঃ রিনি খাতুন , গ্রাম- ভৈরবা, ডাক- ভৈরবা, ইউনিয়ন- বাঁশবাড়ীয়া এবং মোছাঃ উর্মি খাতুন, গ্রাম-যোগীহুদা তারা দুজন ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে। কিন্তু আর্থিক সমস্যার কারনে ভর্তি হতে পারছেনা তাদেরকে আর্থিক সহযোগিতা করা দরকার ।<br>সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে বর্ণিত ব্যক্তিদ্বয়কে উপজেলা পরিষদের অপ্রত্যাশিত খাত হতে নগত পাঁচ হাজার করে টাকা প্রদানের জন্য সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা মুখ্য নির্বাহী কর্মকর্তা, মহেশপুর |
| | আনন্দবাজার দাখিল মাদ্রাসা | চেয়ারম্যান উপজেলা পরিষদ সভায় জানান যে, গত ২৭ এপ্রিল ২০২৩ইং তারিখ কাল বৈশাখী ঝড়ে আনন্দবাজার দাখিল মাদ্রাসার ভবনসহ উপরের টিনের সেড সম্পূর্নরুপে ভেঙ্গে ও উড়ে যায়। যার কারনে সকল শ্রেণীর পাঠদান কার্যক্রম বন্ধ হয়ে গেছে এবং কোমলমতি ছাত্র-ছাত্রীদের লেখাপড়ার বিঘ্ন ঘটছে। মাদ্রাসাটি দ্রুত মেরামত করা না হলে ছাত্র-ছাত্রী ঝড়ে পরার সম্ভাবনা রয়েছে। মাদ্রাসাটিতে আর্থিক সহযোগীতা করা দরকার।<br>সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | বিস্তারিত আলোচনান্তে বর্ণিত মাদ্রাসায় নগত ১,০০,০০০/-(এক লক্ষ টাকা) উপজেলা উন্নয়ন তহবিল হতে প্রদানের এবং নিম্নে বর্ণিত প্রকল্প বাস্তবায়ন কমিটি সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।<br>১। মোঃ ইয়ানবী -চেয়ারম্যান কাজীরবেড় ইউপি- সভাপতি।<br>২। মোঃ জিয়ারুল ইসলাম-সুপার-সদস্য<br>৩। মোঃ মিজানুর রহমান- ম্যানেজিং কমিটির সদস্য-সদস্য<br>৪। মোঃ আঃ খায়ের- প্রতিষ্ঠাতা সভাপতি-সদস্য<br>৫। ইসমাইল হোসেন-শিক্ষক-সদস্য<br>৬। ওসমান গনি- ম্যানেজিং কমিটির | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা মুখ্য নির্বাহী কর্মকর্তা, মহেশপুর<br>৩। উপজেলা প্রকৌশলী মহেশপুর।<br>৪। সভাপতি প্রকল্প বাস্তবায়ন কমিটি।<br>৫। সুপার আনন্দ বাজার দাখিল মাদ্রাসা। |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | | সদস্য-সদস্য<br>৭। দিনেশ চন্দ্র পাল - উপজেলা মাধ্যমিক অফিসার-সদস্য সচিব।<br>বিদ্যুৎ: কারিগরি সহায়তা প্রদানের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | |
| | **অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি, টিসিবি পণ্য ও হতদরিদ্র উপকারভোগী পরিবর্তন সংক্রান্ত** | অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির তালিকাভুক্ত শ্রমিক ২০২১-২০২২ অর্থ বছর হতে অদ্য পর্যন্ত কাজ করে আসছে। একই শ্রমিক উক্ত প্রকল্পে দীর্ঘদিন নিয়োজিত থাকায় কাজের মান সন্তোষজনক হচ্ছে না। অনেক শ্রমিক শারিরীকভাবে অসুস্থ এবং বয়স্কবৃদ্ধ।<br>করোনা মহামারীর পরে সরকার কর্তৃক প্রদেয় টিসিবি পণ্য বিগত ২ থেকে ৩ বছর পূর্বে যে সকল ভিজিডি উপকারভোগী, অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির শ্রমিক ২৫০০/- টাকার প্রণোদনা উপকারভোগী টিসিবির প্রদানকৃত খাদ্যশষ্য গ্রহন করে আসছে।, অদ্যবধি উক্ত উপকারভোগীরাই নির্ধারিত তারিখে টিসিবির পণ্য গ্রহন করছে। নতুন করে নামের তালিকা করা প্রয়োজন মর্মে চেয়ারম্যান মান্দারবাড়ীয়া সভায় অভিমত ব্যক্ত করেন।<br>সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির তালিকাভুক্ত শ্রমিক পরিবর্তন এবং অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির শ্রমিক ২৫০০/- টাকার প্রণোদনা উপকারভোগী টিসিবির প্রদানকৃত খাদ্যশষ্য যাহারা গ্রহন করে আসছে নতুন করে তাদের নামের তালিকা করার জন্য সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা মূখ্য নির্বাহী কর্মকর্তা, মহেশপুর<br>৩। সংশ্লিষ্ট সকল |
| | **হাট বাজার সংক্রান্ত** | উপজেলা মুখ্য নির্বাহী কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা পরিষদের নিয়ন্ত্রণাধীন ভৈরবা পশু হাট, যাদবপুর সাধারণ হাট, বামনগাছী সাধারণ হাট বাংলা ১৪৩০ সনের জন্য ইজারা বন্দোবস্ত প্রদানের নিমিত্ত ১ম, ২য় ও ৩য় বারের টেন্ডারে সরকারী মূল্যের উদ্ধে টেন্ডার না পরায় ইজারা প্রদান সম্ভব হয়নি। বিধায় ১লা বৈশাখ ১৪৩০ হতে খাস আদায় চলমান আছে। বছরের পরবর্তী সময়ের জন্য ইজারা প্রদানের জন্য নীতিমালার ২.১০ অনুযায়ি প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করিতে হবে এবং উক্ত দরের অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারী মূল্য হতে কম হয় তা হলে পুনরায় দরপত্র আহবান করতে হবে। দ্বিতীয় বার দরপত্র আহবান সত্ত্বেও যদি প্রাপ্ত সর্বোচ্চ দর সরকারী মূল্য হতে কম হয় তা হলে তৃতীয় বার দরপত্র | বিস্তারিত আলোচনান্তে বর্ণিত হাট বাজারগুলি পুনরায় ৪র্থ, ৫ম বারের দরপত্র আহবান করার জন্য সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>কার্যবিবরনীসহ ইজারা প্রদানের অনুমতির লক্ষ্যে জেলা প্রশাসক বরাবর আবেদন করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার মহেশপুর। |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | আহবান করতে হবে। তৃতীয় বার দরপত্র আহবান সত্ত্বেও যদি প্রাপ্ত সর্বোচ্চ দর সরকারী মূল্য হতে কম হয় তা হলে যথাযথ ইজারা মূল্য না পাওয়ার বিষয়ে বিদ্যমান কারণ সম্বলিত একটি প্রতিবেদন উপজেলা পরিষদ নিয়ন্ত্রনাধীন হাট বাজারের ক্ষেত্রে উপজেলা পরিষদের সাধাররণ সভার কার্যবিবরণীসহ সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট প্রেরণ করতে হবে। সেই সাথে নতুন বছর শুরু হলে খাস আদায়ের পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>চেয়ারম্যান উপজেলা পরিষদ জানান যে, খাস আদায় কার্যক্রমে রাজস্ব আদায় ও বাজার পরিচালনায় অনেক সমস্যা সৃষ্টি হয়। যে কারনে রাজস্ব আদায়ে লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হয় না। সেহুত পুনরায় উক্ত বাজার সমূহের ইজারা বন্দোবস্ত প্রদানের ব্যবস্থা গ্রহন করা প্রয়োজন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | | |
| | **নিরাপত্তা কর্মী নিয়োগ সংক্রান্ত।** | চেয়ারম্যান উপজেলা পরিষদ সভায় জানান যে, পরিষদ এলাকার মধ্যে কমপ্লেক্স ভবন, হল রুম নির্মানের প্রায় ১০ (দশ) কোটি টাকার কাজ চলমান। পরিষদের সামনে থেকে প্রায়ই মটর সাইকেল চুরি হয়। তাছাড়াও নির্বাচনী বছর হিসাবে বিভিন্ন কারনে পরিবেশ প্রতিকুল হতে পারে। কিন্তু পরিষদের সীমানা প্রাচীর না থাকায় সার্বিকভাবে নিরাপত্তা ঝুকি বিরাজ করছে। সে জন্য একজন নিরাপত্তা কর্মী নিয়োগ দেওয়া যেতে পারে।<br>সেক্ষেত্রে অনিমেশ কুমার ঘোষ, পিং-গোবিন্দ ঘোষ, মাতা বাসন্তী রানী, সাং-বেলেঘাট, পোষ্ট-খালিশপুর, উপজেলা-মহেশপুর, জেলা-ঝিনাইদহ। সে অসহায় পরিবারের সন্তান ও ছাত্র। মানবিক বিবেচনার আলোকে চাকুরী প্রদানের জন্য পরিষদ বরাবর আবেদন করেছেন। পরিষদ চত্বরে নিরাপত্তা জোরদার করার লক্ষ্যে তাকে নিরাপত্তা কর্মী হিসাবে নিয়োগ প্রদানের জন্য প্রস্তাব করেন।<br>এ প্রসঙ্গে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদ ম্যানুয়াল অনুযায়ি উপজেলা রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর অনুচ্ছেদ -ম এর ধারা মতে উপজেলা পরিষদের নিরাপত্তা জোরদার করনের জন্য চুক্তিভিত্তিক আনসার সদস্য নিয়োগ করা যেতে পারে। সেক্ষেত্রেও বছরে সর্বচ্চো ১,০০,০০০/-(একলক্ষ) টাকা খরচ করা যাবে।<br>সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে অনিমেশ কুমার ঘোষ, পিং-গোবিন্দ ঘোষ, মাতা বাসন্তী রানী, সাং-বেলেঘাট, পোষ্ট-খালিশপুর, উপজেলা-মহেশপুর, জেলা-ঝিনাইদহ কে উপজেলা রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর অনুচ্ছেদ -ম এর ধারা মতে উপজেলা পরিষদের নিরাপত্তা জোরদার করনের জন্য চুক্তিভিত্তিক নিরাপত্তা কর্মী নিয়োগ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>**উল্লেখ্য পরবর্তীতে সরকারী কোন সিদ্ধান্ত/গেজেট প্রকাশিত হতে চুক্তি ভিত্তিক নিয়োগ বাতিল করা হলে সে কোন আইনের আশ্রয় গ্রহন করতে পারিবে না।** | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা মুখ্য নির্বাহী কর্মকর্তা, মহেশপুর |
| | সেচ সংক্রান্ত-১ | উপজেলার বিভিন্ন গ্রাম থেকে সাধারণ কৃষকরা অনেক পূর্বে নলকুপের | বিস্তারিত আলোচনান্তে সাধারণ কৃষকদের কাছ হতে প্রাপ্ত | উপজেলা নির্বাহী অফিসার মহেশপুর,ঝিনাইদহ। |



CS CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | (সেচযন্ত্র) বিদ্যুৎ সংযোগ নিয়ে চাষকার্য্য করে আসছে। কিন্তু বর্তমানে সরকারী নির্দেশনা মোতাবেক উপজেলা পরিষদ হতে লাইসেন্স নবায়ন/নতুন করার জন্য সাধারণ কৃষক লাইসেন্স করার জন্য উপজেলা পরিষদ বরাবর আবেদন করছেন মর্মে চেয়ারম্যান উপজেলা পরিষদ সভায় অভিমত ব্যক্ত করেন।<br>সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | আবেদনের আলোকে পরিশিষ্ট ''খ''তে সাধারণ কৃষকদের লাইসেন্স প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | **গাছ কর্তন সংক্রান্ত** | চেয়ারম্যান উপজেলা পরিষদ সভায় জানান যে, উপজেলা পরিষদ ক্যাম্পাসের নিরাপত্তা এবং আয় বৃদ্ধির লক্ষ্যে উপজেলা পরিষদ ক্যাম্পাসের দক্ষিণ সাইডে দোকান করা করা হলে ক্যাম্পাসের নিরাপত্তা এবং পরিষদের আয় বৃদ্ধি হবে।<br>এ প্রসঙ্গে উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, দক্ষিণ সাইডে দোকান করা হলে অনেকগুলি মরা গাছ কাটতে হবে।<br>এজন্য গাছের মূল্য নির্ধারণ পূর্বক জেলা প্রশাসকের অনুমোদনের বিধান রয়েছে। সে লক্ষ্যে উপজেলা বন কর্মকর্তাকে সরেজমিন পরিদর্শন পূর্বক গাছের মূল্য নির্ধারণ করার জন্য অনুরোধ করা হয়। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা বন কর্মকর্তাকে সরেজমিন পরিদর্শন পূর্বক দ্রুত গাছের মূল্য নির্ধারণ করার জন্য অনুরোধসহ জেলা প্রশাসক বরাবর গাছ কর্তনের অনুমোদন নেওয়ার জন্য পত্র প্রেরণে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার মহেশপুর, ঝিনাইদহ।<br>২। বন কর্মকর্তা মহেশপুর, ঝিনাইদহ। |
| | **গ্রাম পুলিশ নিয়োগ সংক্রান্ত** | উপজেলা নির্বাহী অফিসার সভাকে অবহিত করেন যে, যে সকল ইউনিয়নে গ্রাম পুলিশের শূন্যপদ রয়েছে তা পূরণের জন্য উপপরিচালক স্থানীয় সরকার, ঝিনাইদহ মহোদয় নির্দেশনা প্রদান করেছেন। এ বিষয়ে ব্যবস্থা গ্রহন করা প্রয়োজন। | বিস্তারিত আলোচনান্তে যে সকল ইউনিয়নে গ্রাম পুলিশের শূন্যপদ রয়েছে তাদের নামের তালিকে দ্রুত প্রেরণের জন্য সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার মহেশপুর<br>২। সংশ্লিষ্ঠ ইউপি চেয়ারম্যানগন। |
| | **সেচ যন্ত্রের লাইসেন্স ফি ও নবায়ন ফি ব্যাংক রশিদের মাধ্যমে আদায় সংক্রান্ত।** | উপজেলা মুখ্য নির্বাহী কর্মকর্তা সভায় জানান যে, সেচ যন্ত্রের লাইসেন্স ফি ও নবায়ন ফি উপজেলা সেচ কমিটির রশিদের মাধ্যমে আদায় করার সিদ্ধান্ত থাকলেও গত ২০/০৩/২০২৩ খ্রি তারিখে অনুষ্ঠিত সেচ কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী সেচ যন্ত্রের লাইসেন্স ফি ও নবায়ন ফি উপজেলা সেচ কমিটির রশিদের পরিবর্তে সরাসরি ব্যাংক রশিদের মাধ্যমে আদায় করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং ব্যাংক রশিদ সংশ্লিষ্ট আবেদনের সাথে সংরক্ষিত থাকবে। গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী সর্বশেষ ৩৩০০ নং রশিদের | বিস্তারিত আলোচনান্তে সেচ যন্ত্রের লাইসেন্স ফি ও নবায়ন ফি উপজেলা সেচ কমিটির রশিদের পরিবর্তে সরাসরি ব্যাংক রশিদের মাধ্যমে আদায় করার জন্য সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার মহেশপুর |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | মাধ্যমে লাইসেন্স/নবায়ণ ফি আদায় করা হয়। রশিদ বহিতে ও রেজিস্টারে সংরক্ষিত আছে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | | |

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকল সম্মানিত সদস্যের মঙ্গল এবং সুস্বাস্থ্য কামনা করে ও ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

ময়জদ্দীন হামীদ
সভাপতি
উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা
ও
চেয়ারম্যান উপজেলা পরিষদ,
মহেশপুর, ঝিনাইদহ।

স্মারক নং-৪৬.৪৪.৪৪৭১.০০০.১৮.০০১.২০২১-৬৬৬ (৪০)

তারিখ ১১/০৫/২০২৩খ্রি.

অনুলিপি ঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

০১। জনাব এ্যাডঃ শফিকুল আজম খান, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৮৩ ঝিনাইদহ- ৩।
০২। সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয় ঢাকা।
০৩। জেলা প্রশাসক, ঝিনাইদহ।
০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার ঝিনাইদহ।
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ মহেশপুর, ঝিনাইদহ।
০৬। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ মহেশপুর, ঝিনাইদহ।
০৭। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ মহেশপুর, ঝিনাইদহ।

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:

০৮। উপজেলা-----------------------------------কর্মকর্তা, মহেশপুর, ঝিনাইদহ।
০৯। চেয়ারম্যান-----------------------------------------ইউনিয়ন পরিষদ, মহেশপুর, ঝিনাইদহ।
১০। -------------------------------------------------------------------(সংশ্লিষ্ট সকল)

১১.০৫.২৩

নয়ন কুমার রাজবংশী
উপজেলা মুখ্য নির্বাহী কর্মকর্তা
ও
উপজেলা নির্বাহী অফিসার
মহেশপুর,ঝিনাইদহ।



CamScanner

## পরিশিষ্ট-''ক''

সভার তারিখ ঃ ১১/০৫/২০২৩খ্রি.

সদস্যদের উপস্থিতি বিষয়ক তথ্যঃ- (পদ মর্যাদার ক্রমানুসারে নয়)

| ক্রঃ নং | নাম ও পদবী | উপস্থিত =√ | অনুপস্থিত= X | প্রতিনিধি |
|---|---|---|---|---|
| ০১ | জনাব ময়জদ্দীন হামীদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ মহেশপুর,ঝিনাইদহ। | √ | | |
| ০২ | জনাব নয়ন কুমার রাজবংশী, উপজেলা মুখ্য নির্বাহী কর্মকর্তা, মহেশপুর,ঝিনাইদহ। | √ | | |
| ০৩ | জনাব আব্দুর রশিদ খান, মেয়র মহেশপুর পৌরসভা | | X | |
| ০৪ | জনাব আজিজুল হক আজা, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহেশপুর। ঝিনাইদহ। | √ | | |
| ০৫ | জনাব মোছাঃ হাসিনা খাতুন হেনা, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহেশপুর ঝিনাইদহ। | √ | | |
| ০৬ | জনাব মোঃ আরিফান হাসান চৌধুরী , চেয়ারম্যান, ১নং এস,বি,কে ইউপি মহেশপুর,ঝিনাইদহ। | √ | | |
| ০৭ | জনাব শেখ মোঃ গোলাম হায়দার, চেয়ারম্যান ২নং ফতেপুর ইউনিয়ন পরিষদ মহেশপুর,ঝিনাইদহ। | √ | | |
| ০৮ | জনাব মোঃ মাজহারুল হক, চেয়ারম্যান, ৩নং পান্তাপাড়া ইউপি মহেশপুর,ঝিনাইদহ। | √ | | |
| ০৯ | জনাব মোঃ মিজানুর রহমান, চেয়ারম্যান, ৪নং স্বরুপপুর ইউনিয়ন পরিষদ মহেশপুর,ঝিনাইদহ। | | | |
| ১০ | জনাব মোঃ জামিরুল হক, চেয়ারম্যান, ৫নং শ্যামকুড় ইউপি মহেশপুর,ঝিনাইদহ | √ | | |
| ১১ | জনাব মোঃ সামছুল আলম, চেয়ারম্যান, ৬নং নেপা ইউপি মহেশপুর,ঝিনাইদহ। | √ | | |
| ১২ | জনাব মোঃ ইয়ানবী, চেয়ারম্যান, ৭নং কাজিরবেড় ইউনিয়ন পরিষদ মহেশপুর,ঝিনাইদহ। | √ | | |
| ১৩ | জনাব মোঃ নাজমুল হুদা জিন্টু, চেয়ারম্যান, ৮নং বাঁশবাড়ীয়া ইউপি মহেশপুর,ঝিনাইদহ। | | X | |
| ১৪ | জনাব মোঃ সালাহ উদ্দিন, চেয়ারম্যান, ৯নং যাদবপুর ইউপি মহেশপুর,ঝিনাইদহ। | √ | | |
| ১৫ | জনাব মোঃ আবুল কাসেম, চেয়ারম্যান, ১০নং নাটিমা ইউপি মহেশপুর,ঝিনাইদহ | √ | | |
| ১৬ | জনাব মোঃ আমিনুর রহমান, চেয়ারম্যান, ১১নং মান্দাবাড়ীয়া ইউনিয়ন পরিষদ মহেশপুর,ঝিনাইদহ। | √ | | |
| ১৭ | জনাব মোঃ শাহাজান আলী, চেয়ারম্যান, ১২নং আজমপুর ইউপি মহেশপুর,ঝিনাইদহ। | √ | | |
| ১৮ | জনাব শারমিন নাহার হিরা, উপজেলা পরিষদের সংরক্ষিত সদস্য মহেশপুর,ঝিনাইদহ। | | X | |
| ১৯ | জনাব মোছাঃ কহিনুর আক্তার, সংরক্ষিত মহিলা সদস্য উপজেলা পরিষদ মহেশপুর | | X | |
| ২০ | জনাব ইয়াসমিন সুলতানা, উপজেলা কৃষি অফিসার, মহেশপুর,ঝিনাইদহ। | √ | | |
| ২১ | জনাব ডাঃ মাহমুদ-বিন-হেদায়েত, উপজেলা স্বাস্থ্য পঃপঃ , মহেশপুর,ঝিনাইদহ। | | | √ |
| ২২ | জনাব ডাঃ মোঃ আতিবুর রহমান, উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, মহেশপুর,ঝিনাইদহ। | √ | | |
| ২৩ | জনাব তৌকির আহমেদ, উপজেলা মৎস্য অফিসার, মহেশপুর,ঝিনাইদহ। | √ | | |
| ২৪ | জনাব মোঃ সৈয়দ শাহরিয়ার আকাশ, উপজেলা প্রকৌশলী , মহেশপুর,ঝিনাইদহ। | √ | | |
| ২৫ | জনাব মোঃ আবু হাসান, উপজেলা শিক্ষা অফিসার, মহেশপুর,ঝিনাইদহ। | √ | | |
| ২৬ | জনাব দীনেশ চন্দ্র পাল, উপজেলা মাধ্যমিক অফিসার, মহেশপুর,ঝিনাইদহ। | | | √ |
| ২৭ | জনাব ফাতেমা খাতুন, উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, মহেশপুর,ঝিনাইদহ। | √ | | |
| ২৮ | জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, উপজেলা সমাজসেবা অফিসার, মহেশপুর ,ঝিনাইদহ। | √ | | |
| ২৯ | জনাব শ.ম. রাশিদুল আলম, উপজেলা সমবায় অফিসার, মহেশপুর,ঝিনাইদহ। | √ | | |
| ৩০ | জনাব মোঃ বাহাউল ইসলাম, উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, মহেশপুর,ঝিনাইদহ। | √ | | |
| ৩১ | জনাব মোঃ হাসানুজ্জামান, উপ সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য মহেশপুর,ঝিনাইদহ। | √ | | |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ২ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,মহেশপুর,ঝিনাইদহ। | | X | |
| ৩৩ | জাহাঙ্গীর আলম, উপজেলা যুব উন্নয়ন অফিসার, মহেশপুর, ঝিনাইদহ। | √ | | |
| ৩৪ | জনাব মোছাঃ মেহেরুননেছা, উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার,মহেশপুর,ঝিনাইদহ। | √ | | |
| ৩৫ | জনাব অনিল চন্দ্র বিশ্বাস, উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, মহেশপুর,ঝিনাইদহ। | | X | |
| ৩৬ | জনাব মোঃ সাদিকুর রহমান, ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক , মহেশপুর,ঝিনাইদহ। | √ | | |
| ৩৭ | মোঃ শফিকুল ইসলাম , বন কর্মকর্তা ভারপ্রাপ্ত, মহেশপুর,ঝিনাইদহ। | | X | |
| ৩৮ | আয়েশা খাতুন, উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, মহেশপুর,ঝিনাইদহ। | | X | |
| ৩৯ | জনাব এস এম আবদুল্লা আল মামুন, উপ-সহকারী প্রকৌশলী (বিএডিসি) ক্ষুদ্রসেচ, মহেশপুর,ঝিনাইদহ। | | X | |
| ৪০ | মোঃ মোস্তাফিজুর রহমান আনসারী, উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলেটর, মহেশপুর,ঝিনাইদহ। | | X | |
| ৪১ | আবু হেনা মোস্তফা কামাল উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | √ | | |
| ৪২ | মোঃ ওহিদুল ইসলাম সহকারী প্রগ্রামার | √ | | |
| ৪৩ | ডিজিএম পল্লী বিদ্যুৎ সমিতি | | X | |
| ৪৪ | মোছাঃ তহমিনা খাতুন উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা | √ | | |



CS CamScanner